গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সমন্বয় ও এমআইএস সেক্টর
www.imed.gov.bd

প্রভাব মূল্যায়ন সমীক্ষা কার্যক্রমের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শকের কার্যপরিধি (ToR):

ক. প্রকল্পের বিবরণীঃ

১	প্রকল্পের নাম	:	**"মীরসরাই অর্থনৈতিক অঞ্চল-এর জন্য পাইপ লাইন নির্মাণ ও কেজিডিসিএল গ্যাস বিতরণ নেটওয়ার্ক আপগ্রেডেশন (১ম সংশোধিত)" প্রকল্প।**
২.	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৩.	বাস্তবায়নকারী সংস্থা	:	কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড।
৪.	প্রকল্পের অবস্থান	:	চট্টগ্রাম জেলার মীরসরাই, আনোয়ারা, পটিয়া এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

৫. অনুমোদিত বাস্তবায়নকাল ও ব্যয় (লক্ষ টাকা) :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়	সংশোধিত প্রাক্কলিত ব্যয়	মূল বাস্তবায়নকাল	সংশোধিত বাস্তবায়নকাল	প্রকৃত ব্যয় (ডিসেম্বর ২০১৯ পর্যন্ত)	প্রকৃত বাস্তবায়ন কাল
১	২	৩	৪	৫	৬
৩৬৭১০.০০	৩৯৮৬২.০০	মে ২০১৭ হতে জুন ২০১৯	মে ২০১৭ হতে ডিসেম্বর ২০১৯	৩০৫৯৮.০৭	মে ২০১৭ হতে ডিসেম্বর ২০১৯

৬. **ক্রমপুঞ্জিত অগ্রগতি:** প্রকল্পের শুরু থেকে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৩০৫৯৮.০৭ লক্ষ টাকা যা মোট প্রাক্কলিত ব্যয়ের ৭৬.৭৬% লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ১০০%।

৭. **প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যঃ**

- কেজিডিসিএল এর বিদ্যমান গ্যাস বিতরণ নেটওয়ার্ক ৩৫০ এমএমএসডিএফডি হতে ৫০০ এমএমএসসিএফডি করণ;
- মীরসরাই অর্থনৈতিক অঞ্চল-এর জন্য ২০০ এমএমএসসিএফডি গ্যাস সরবরাহ ব্যবস্থা করা;
- আনোয়ারা সিজিএস হতে কাফকো, সিইউএফএল ও শিকলবাহা পাওয়ার স্টেশন পর্যন্ত ডেডিকেটেড পাইপ লাইন নির্মাণ।

৮. **প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমঃ**

- চট্রগ্রাম মেট্রোপলিটন এলাকায় ১০ ইঞ্চি ব্যাসের ১০ বার চাপ বিশিষ্ট ১২.৯৮ কি. মি. পাইপ লাইন নির্মাণ এবং ৭টি ডিআরএস স্থাপন;
- বড়তাকিয়া বাজার হতে বেজা পর্যন্ত ১৬ ইঞ্চি ব্যাসের ৩৫০/১০৫০ পিএসআইজি চাপ বিশিষ্ট ১৪.০০ কি.মি. পাইপ লাইন নির্মাণ এবং ১টি সিজিএস এবং ২টি ডিআরএস স্থাপন;
- আনোয়ারা সিজিএস হতে কাফকো, সিইউএফএল ও শিকলবাহা পাওয়ার স্টেশন পর্যন্ত ১৬ ইঞ্চি ব্যাসের ৩৫০ পিএসআইজি চাপ বিশিষ্ট ২২.০০ কি.মি. পাইপ লাইন নির্মাণ।

খ. **পরামর্শকের কার্যপরিধি (ToR):**

৯.১ প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.২ প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্মপরিকল্পনা, অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় ও বিস্তারিত অঙ্গিভত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

৯.৩ ডিপিপি ও লগ ফ্রেমের আলোকে output, outcome ও impact পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.৪ প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) প্রতিপালন করা হয়েছে কিনা সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.৫ প্রকল্পের তাওতায় সৃষ্ট সুবিধাদি (পণ্য, অবকাঠামো ও সেবা) পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.৬ প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.৭ প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের ফলে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অনুযায়ী কি পরিবর্তন হয়েছে তা বিভিন্ন জাতীয়/স্থানীয় তথ্যে (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বেইজলাইন সার্ভের (যদি থাকে) আলোকে তুলনামূলক পর্যালোচনা করা;

৯.৮ প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (Sustainable) হয়েছে কিনা সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.৯ প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ, প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করে ও জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন করতে হবে এবং জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে বাংলা ও ইংরেজী ভাষা বিশেষজ্ঞ দ্বারা পরীক্ষান্তে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করতে হবে;

৯.৭ প্রকল্পের ঝুঁকি অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.৮ প্রকল্প অনুমোদন সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথা-উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.৯ উন্নয়ন সহযোগী সংস্থা (যদি থাকে) কর্তৃক চুক্তি স্বাক্ষর, চুক্তির শর্ত, ক্রয় প্রস্তাব প্রক্রিয়াকরণ ও অনুমোদন, অর্থ ছাড়, বিল পরিশোধে সম্মতি ও বিভিন্ন মিশন এর সুপারিশ ইত্যাদির তথ্য-উপাত্তভিত্তিক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.১০ প্রকল্পের উদ্দেশ্য লক্ষ্য, প্রকল্পের কার্যক্রম, বাস্তবায়ন পরিকল্পনা, প্রকল্প ব্যবস্থাপনা, ঝুঁকি, মেয়াদ, ব্যয় অর্জন ইত্যাদি বিষয় বিবেচনা করে একটি SWOT ANALYSIS;

৯.১১ প্রকল্পের ঘোষিত লক্ষ্য, উদ্দেশ্য অর্জনের ক্ষেত্রে কতটা কাঙ্খিত অগ্রগতি হয়েছে, প্রকল্পের IRR, NPV ইত্যাদি অর্জনের ক্ষেত্রে কতটা অগ্রগতি হয়েছে সে সম্পর্কে পর্যালোচনা ও পর্যবেক্ষণ।

৯.১২ প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ, ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করবে ও জাতীয় কমৌশালায় প্রতিবেদনটি উপস্থাপন করবে। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে চুড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবে;

৯.১৩ প্রকল্প ব্যবস্থাপনাঃ প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা আয়োজন কর্মপরিকল্পা প্রণয়ন ও বাস্তবায়ন সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.১৬ প্রকল্পের ইনটারনাল ও এক্সটারনাল অডিট সম্পাদিত হয়ে থাকলে তার প্রকৃতি ও স্বরূপ নিয়ে পর্যালোচনা থাকতে হবে;

৯.১৭ প্রকল্পের পিসিআর মূল্যায়ন করা হয়ে থাকলে তার উপর একটি পর্যালোচনা থাকতে হবে;

৯.১৮ পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহকালে তথ্যদাতাদের মোবাইল নাম্বার, জাতীয় পরিচয়পত্র (যদি সম্ভব হয়) সংগ্রহের পাশাপাশি FGD ও KII করার ৩০ মিনিটের ভিডিও তৈরি করে অত্র বিভাগে জমা দিতে হবে, যা প্রমাণক হিসেবে গণ্য হবে;

৯.১৯ পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক প্রভাব মূল্যায়ন সমীক্ষা কার্যক্রম চলাকালীন কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত অন্যান্য বিষয়াবলি।

১০. পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতাঃ

ক্রঃ	পরামর্শকের প্রকৃতি	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১.	পরামর্শক প্রতিষ্ঠান		গবেষণা এবং প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্টাডি পরিচালনায় ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসম্পন্ন।
২.	(ক) টিম লিডারঃ	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে, মেকানিক্যাল/সিভিল/ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। উচ্চতর ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে।	• গবেষণা/স্টাডি পরিচালনায় কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা; • সংশ্লিষ্ট কাজে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা এবং টিমলিডার হিসেবে কমপক্ষে ২ (দুই)টি পরিবীক্ষণ ও মূল্যায়ন সমীক্ষা পরিচালনা করার অভিজ্ঞতা; • পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ সম্পর্কে পরিষ্কার ধারণা থাকতে হবে। বিশেষভাবে বিভিন্ন প্রকার ক্রয় কার্যক্রম (পণ্য,কার্য ও সেবা), ক্রয় পরিকল্পনা, ক্রয় অনুমোদন প্রক্রিয়া, চুক্তি সম্পাদন, কারিগরি/আর্থিক মূল্যায়ন প্রভৃতি বিষয়ে সুস্পষ্ট ধারণাকে বিবেচনায় নেওয়া হবে; • গ্যাস স্টেশন এবং গ্যাস পাইপ লাইণ নির্মাণ সংশ্লিষ্ট কাজে সম্যক ধারণা থাকতে হবে; • প্রাকৃতিক গ্যাস নিরাপত্তা বিধিমালা-১৯৯১ (২০০৩ সংশোধিত) এবং গ্যাস আইন ২০১০ সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে; • "সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি ২০২২ বিষয়ে সুস্পষ্ট ধারণা থাকতে হবে; • রিপোর্ট প্রণয়ন ও উপস্থাপনায় দক্ষতা থাকতে হবে এবং কমপক্ষে সংশ্লিষ্ট বিষয়ে ৩টি প্রকাশনা থাকতে হবে;

ক্রঃ	পরামর্শকের প্রকৃতি	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
	খ) মিড-লেভেল ইঞ্জিঃ	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং -এ স্নাতক ডিগ্রি। উচ্চতর ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে।	• কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং কাজে কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা এবং সুপারভিশন কাজে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; • পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজে অভিজ্ঞতা অগ্রাধিকারপ্রাপ্ত; • গ্যাস স্টেশন এবং গ্যাস পাইপ লাইণ নির্মাণ সংশ্লিষ্ট কাজে সম্যক ধারণা থাকতে হবে; • প্রাকৃতিক গ্যাস নিরাপত্তা বিধিমালা-১৯৯১ (২০০৩ সংশোধিত) এবং গ্যাস আইন ২০১০ সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে; • জলবায়ু পরিবর্তন ও বায়ো ডাইভারসিটি এবং পরিবেশের প্রভাব নির্ণায়ন কাজে অভিজ্ঞতা থাকতে হবে; • পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট (পিপিএ), ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর), ২০০৮ সম্পর্কে পরিষ্কার ধারণা থাকতে হবে; • কম্পিউটারে বিশেষ দক্ষতা, প্রতিবেদন প্রণয়নে দক্ষতা।
	(গ) আর্থ-সামাজিক বিশেষজ্ঞ	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ডেভেলমেন্ট স্ট্যাডিজ/অর্থনীতি/সমাজবিজ্ঞান/ সমাজ কল্যাণ বিষয়ে ন্যুনতম স্নাতক ডিগ্রি। উচ্চতর ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে।	• গবেষণা/স্টাডি পরিচালনায় কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা; • পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট (পিপিএ), ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর), ২০০৮ সম্পর্কে পরিষ্কার ধারণা থাকতে হবে; • প্রকল্পের আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে।
	ঘ) ডাটা ম্যানেজমেন্ট বিশেষজ্ঞ	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান বিষয়ে নুন্যতম স্নাতকোত্তর ডিগ্রি। উচ্চতর ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে।	• ডাটা ম্যানেজমেন্ট সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা; • বিভিন্ন Statistical Software পরিচালনায় দক্ষতা। • Data Analysis করার দক্ষতা থাকতে হবে।

১১. **পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নিম্নেবর্ণিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবে:**

ক্রমিক	প্রতিবেদনের নাম	দাখিলের সময়
১.	ইনসেপশন প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে
২.	১ম খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৬০ দিনের মধ্যে
৩.	২য় খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে
৪.	ওয়ার্কশপের সুপারিশের আলোকে Draft Final Report	চুক্তি সম্পাদনের ৮০ দিনের মধ্যে
৫.	চূড়ান্ত প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে

১২. **ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:**

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: আইএমইডি-০৫ প্রতিবেদন);
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।